

রংপুরে ইউনিভার্সিটি : আনন্দের বন্যা

রংপুর প্রতিনিধি



রংপুরে পূর্ণাঙ্গ ইউনিভার্সিটি স্থাপনে সরকার নীতিগতভাবে সিদ্ধান্ত নেয়ায় রংপুরের সর্বস্তরের মানুষ আনন্দে উদ্বেলিত। তারা চিফ অ্যাডভাইজরের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করে

একে অপরের মধ্যে মিষ্টি বিতরণ করেন। এ নিয়ে বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন বর্তমান সরকারকে অভিনন্দন জানিয়ে বিবৃতি দিয়েছে। এদিকে রবিবার ঢাকায় অ্যাডভাইজরি কাউন্সিলের বৈঠকে রংপুরে একটি পূর্ণাঙ্গ

ইউনিভার্সিটি অধ্যাদেশ ২০০৮ নীতিগতভাবে অনুমোদন দেয়া হয়। এ সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে বিভিন্ন মহল। তারা হলেন- সাবেক যোগাযোগ প্রতিমন্ত্রী আনিছুল হক চৌধুরী, কারমাইকেল কলেজের সাবেক অধ্যক্ষ ড. রেজাউল হক, গণতন্ত্রী পার্টির প্রেসিডিয়াম সদস্য ও সাবেক পৌর চেয়ারম্যান মোহাম্মদ আফজাল, রংপুর চেম্বারের প্রেসিডেন্ট মোস্তফা আজাদ চৌধুরী বাবু, সাবেক সাংসদ শরফুদ্দিন আহমেদ খন্দু, জেলা প্রেস ক্লাবের সভাপতি রফিক সরকার, সাধারণ সম্পাদক মেরিনা লাডলী, সাবেক ছাত্রনেতা অ্যাডভোকেট দিলশাদ ইসলাম মুকুল, যাজিরুল ইসলাম লিটন, ওয়াহেদ

মিয়া, শহিদুল খুররম, আজিজুল হক, ওয়াহিদ সরকার, আবদুল কুদ্দুস, জাপা নেতা রংপুর ডেয়ারি অ্যান্ড ফুড প্রোডাক্টসের চেয়ারম্যান ফবর উদ্দিন জাহাঙ্গীর, মোস্তাফিজুর রহমান মোস্তফা, খোরশেদ আলম, বিএনপির আশরাফ হোসেন বড়দা, আওয়ামী লীগের অ্যাডভোকেট ইলিয়াছ আহমেদ, রংপুর আইনজীবী সমিতির সভাপতি আবুল কাশেম, সাধারণ সম্পাদক বদরুল ইসলাম চুন্টু, নতুন ধারার আহ্বায়ক অ্যাডভোকেট এম এ বাশার টিপু, সম্মিলিত সাংস্কৃতিক জোটের কাজী মোঃ জুননুন, সাখাওয়াত রাসা, সাংস্কৃতিক কর্মী ডা. মফিজুল ইসলাম মান্টু প্রমুখ।